

Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 18 May, 2025

সাংবাদিকদের নিরাপত্তা, পুলিশ সদস্যদের আবাসন, পোশাকের নীতিমালা ও শিক্ষাব্যবস্থার সংস্কারসহ ২৫ দফা দাবিতে যশোরে মানববন্ধন করেছে সূর্যোদয় সমাজ কল্যাণ এবং স্বেচ্ছাসেবী সংস্থা। শুক্রবার বিকেলে প্রেসক্লাব যশোরের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা স্থানীয় সরকার নির্বাচন, ঋণ সুবিধা, নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণ ও সরবরাহ, নতুন উদ্যোক্তাদের সহায়তা, অবকাঠামো নির্মাণ, যৌতুকমুক্ত সমাজ গঠন, বিদেশ ভ্রমণ নিয়ন্ত্রণ, শিক্ষাব্যবস্থার সংস্কার, বয়স্ক ভাতা, নারী ও পুরুষের অধিকার, গ্রেফতার ও হয়রানি বন্ধ, সাংবাদিকদের নিরাপত্তা ও মর্যাদা, পুলিশ সদস্যদের আবাসন ও সন্তানদের শিক্ষা, পোশাকের নীতিমালা, রাজনৈতিক কর্মসূচি, আন্তর্জাতিক সম্পর্ক, ধর্মীয় প্রতিষ্ঠানে অনুদান, কৃষি ও জলাধার রক্ষা, ভিক্ষুক পুনর্বাসন, স্বাস্থ্যখাতের উন্নয়ন, মাদক নির্মূল, খাদ্য নিরাপত্তা, শ্রমিকদের অধিকার এবং সংবিধান রক্ষা পরিষদ গঠনসহ ২৫টি বিষয়ে সংস্কারের দাবি জানান।

বক্তারা বলেন, এই সংস্কারগুলো বাস্তবায়ন করা গেলে সামগ্রিকভাবে দেশের অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আসবে। তারা সরকারের প্রতি দ্রুত এই দাবিগুলো বাস্তবায়নের আহ্বান জানান।

মানববন্ধনে উপস্থিত ছিলেন, সূর্যোদয় সমাজ কল্যাণ এবং স্বেচ্ছাসেবী সংস্থার সভাপতি রবিউল ইসলাম, কোষাধ্যক্ষ মো. আবু সিদ্দিক শিপন, সদস্য মো. ফারুক হোসেন, টিটো হোসেন প্রমুখ। মানববন্ধনে বিভিন্ন শ্রেণী পেশার মানুষ অংশগ্রহণ করে সংহতি প্রকাশ করেন।

সাংবাদিক পুলিশ পোশাক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 04:41

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/2617182950>